শেষে গিয়া বসিলেন প্রভুর শ্রীধামে।
যামিনী প্রভাত হ'ল কৃষ্ণকথা প্রেমে।।
প্রাতঃকৃত্য করি হরি কথার আলাপে।
বলে 'চল দেখে আসি কামড়ানে সাপে।।'
ঠাকুর সঙ্গেতে গিয়া ভক্ত মহাশয়।
দেখে গিয়া সেইখানে সর্প মরি রয়।।
ঠাকুর বলেন 'সর্প বিষ খাইয়াছে।
তোর অঙ্গ-বিষে সর্প মরিয়া রয়েছে।।
যখন করিল কৃষ্ণ কালীয় দমন।
কৃষ্ণ-অঙ্গে রাগে নাগে করিল দংশন।।
কালীয়ের ফণা ভাঙ্গি করিল দমন।
শিরে দিল পদচিহ্ন কালীয় দমন।।
সেই হ'তে গরুড়ের ভয় তার গেল।
বিনতানন্দন তারে কিছু না বলিল।।
গরুড়ে আরূঢ় হইতেন ভগবান।
সে গরুড় মুনিপত্নী বিনতা সন্তান।।
কৃষ্ণভক্ত গরুড়ের সহায় সংসারে।
সাপের কামড়ে কোথা কৃষ্ণভক্ত মরে?
কংস যবে পুতনাকে ব্রজে পাঠাইল।
পুতনা রাক্ষসী স্তনে বিষ মাখাইল।।
কংস দিল আজ্ঞা করে সাপুড়িয়াগণে।
'কালকূট বিষ পুতনাকে দেও এনে।।'
আজ্ঞা পেয়ে সাপুড়িয়া কালফণী ধরে।
দন্ত ভেঙ্গে সাপুড়িয়া বিষ বে'র করে।।
যে কালে সর্পের গলা চাপিয়া ধরিল।
এ সময় কালসর্প কাঁদিতে লাগিল।।
তবু দন্ত ভেঙ্গে বিষ করিল বাহির।
কাঁদিয়া সে ফণীবর হইল অস্থির।।
দূত বলে 'ওরে সর্প! কাঁদ কি লাগিয়া?
দন্ত ভঙ্গ এইটুকু বেদনা পাইয়া?
রাজকার্য্য তোমা হ'তে সাহায্য হইবে।
ঔষধ লাগা'য়ে দিলে বেদনা ঘুচিবে।।"
সর্প বলে 'ওরে দূত! মনে দেখ ভেবে।
সামান্য বেদনা পেয়ে সর্প কাঁদে কবে?
তবে যে কেঁদেছি আমি চক্ষে বহে বারি।
এই ব্যথা হতে মম ব্যথা আছে ভারী।।
এই বিষ পুতনা মাখিয়া যা'বে স্তনে।
বিষ মাখা দুগ্ধ খাওয়াবে ভগবানে।।
যে মুখে যশোদা দেয় ক্ষীর সর ননী।
সেই মুখে বিষ দিবে কংস নৃপমণি।।
এতদিন বিষ ধরি আমি বিষধর।
এ বিষ করিবে পান হরি বিষহর।।
তাহা বলে নাহি কাঁদি ভাঙ্গিতে দশন।
কৃষ্ণমুখে বিষ দিবে কাঁদি সে কারণ।।
সাধন ভজন কিছু করিবারে নারি।
আরো মম বিষ পান করিবেন হরি।।
এ জন্য আমাকে সৃজিলেন জগদীশ।
অমল কমল মুখে দিবি মম বিষ।।
ভাবিয়া দেখিনু মম জনম বিফল।
এই মনোদুঃখে মম চক্ষে পড়ে জল।।
আমাকে ধরিলি আমি কোন অপরাধী?
জগদীশ খা'বে বিষ এই দুঃখে কাঁদি।।
সেই সর্প অই দুঃখে করিল বিলাপ।
তোমারে দংশিল এই কোন দেশী সাপ?
নিজে কৃষ্ণ কষ্ট পেলে কষ্ট নাহি তায়।
ভক্তে কষ্ট পেলে তাঁর কষ্ট অতিশয়।।
ক্রুর জাতি সর্প ওর পাপ উপজিল।
বিনা অপরাধে তোরে দংশি ম'রে গেল।।
সর্পের দংশনে কভু সজ্জন মরে না।
সজ্জনের কোপ হ'লে সর্পই বাঁচে না।।
যে কালেতে কালীদহে কালীয়ের বিষ।
সেই বিষ ঊর্দ্ধগামী যোজন পঁচিশ।।
পক্ষী উড়ে কালীদহ পার হ'তে নারে।
কালীয়ের বিষে পুড়ে পক্ষী যেত মরে।।